

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 14-11-2025**

**Desk in Charge : SDG**

**Time : 7-50 P.M**

**Compiling : DSS**

**DEO : KB**

**NRT : DSS**

\*\*\*\*\*

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ বিহার বিধানসভা নির্বাচনে NDA জোট বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে আরো একবার ক্ষমতায় আসতে চলেছে। # রাজ্য বিজেপির পক্ষ থেকে NDA-এর এই জয়কে স্বাগত জানানোর পাশাপাশি এ রাজ্যেও আগামী বছর বিধানসভা নির্বাচনে বিহারের ফলাফলের পুনরাবৃত্তি হবে বলে মন্তব্য করা হয়েছে।

২/ তৃণমূল কংগ্রেস, কংগ্রেস এবং CPIM বলেছে, বাংলায় এই ফলাফলের কোন প্রভাব পড়বে না।

৩/ দিল্লি বিস্ফোরণের প্রেক্ষিতে রাজ্য সরকার, বিভিন্ন পর্যটন কেন্দ্র ও গুরুত্বপূর্ণ স্থানগুলির নিরাপত্তা আরও আঁটোসাঁটো করার নির্দেশ দিয়েছে।

৪/ কলকাতায় আজ ভারতীয় ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলের উদ্যোগে 'বঙ্গপেক্স ২০২৫' শুরু হয়েছে।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরুর ১৩৭-তম জন্মদিনটি 'শিশু দিবস' হিসেবে উদযাপিত হচ্ছে।

৬/ ইডেনে ভারতের বিরুদ্ধে প্রথম ক্রিকেট টেস্টের আজ প্রথম দিনে দক্ষিণ আফ্রিকার প্রথম ইনিংস ১৫৯ রানে শেষ হয়েছে।

\*\*\*\*\*

বিহার বিধানসভা নির্বাচনে NDA জোট বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে আরো একবার ক্ষমতায় আসতে চলেছে। রাজ্য বিজেপির পক্ষ থেকে NDA-এর এই জয়কে স্বাগত জানানোর পাশাপাশি এ রাজ্যেও আগামী বছর বিধানসভা নির্বাচনে বিহারের ফলাফলের পুনরাবৃত্তি হবে বলে মন্তব্য করা হয়েছে। কলকাতায় আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের প্রাক্তন রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, বিহারের মানুষ যেভাবে ওই রাজ্যকে জঙ্গলের রাজত্বে পরিণত হতে দেয়নি, এ রাজ্যের মানুষও সেইভাবে বাংলাকে ‘জঙ্গল রাজ’ থেকে মুক্ত করবে। শ্রী মজুমদার বলেন, বাংলা, বিহার, ওড়িশার মধ্যে ওড়িশা ও বিহারে এনডিএ-র সরকার গঠন হয়েছে। বাংলাতেও এবার বিজেপি সরকার গঠন হবে বলে তিনি আশাবাদী।

( বাইট- সুকান্ত )

বিহারের মতো বাংলারও উন্নয়নে সামিল হওয়ার আহ্বান জানিয়ে শ্রী মজুমদার এ রাজ্যের যুবক যুবতীদের যাতে পরিয়ায়ী শ্রমিক হয়ে ভিন্ন রাজ্যে যেতে না হয়, তার জন্য বাংলার মানুষকেই পদক্ষেপ নিতে হবে বলে সবার উদ্দেশে বার্তা দেন।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, এ রাজ্যেও আগামী বছর বিধানসভা নির্বাচনে বিহারের ফলাফলের পুনরাবৃত্তি হবে। এখানেও বৈধ ভোটারদের অংশ গ্রহণের মাধ্যমে বিজেপি নিশ্চিতভাবে জয়লাভ করবে।

\*\*\*\*\*

বিহারে ভোটের NDA-র বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে জয়লাভের খবরে, এ রাজ্যের কোচবিহারের হলদিবাড়িতে বিজয় মিছিল বের করা হয়।

বাঁকুড়ার কোতুলপুরে বিজেপি কর্মীদের মধ্যে ব্যাপক উচ্ছ্বাস লক্ষ্য করা গেছে।

পুরুলিয়া জেলাতে এই উপলক্ষ্যে মিছিল বের করা হয়।

উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি, পূর্ব ও পশ্চিম বর্ধমান সহ বিভিন্ন জেলায় বিজেপির কর্মী সমর্থকরা উল্লাস প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

বিহার বিধানসভা নির্বাচনে ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী- SIR-এর প্রভাব প্রতিফলিত হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং মন্তব্য করেছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রেও তা' প্রযোজ্য হবে বলে তিনি আজ নতুন দিল্লিতে বলেন।

( বাইট- গিরিরাজ )

এদিকে, তৃণমূল কংগ্রেস গিরিরাজ সিং-এর এই মন্তব্যের সমালোচনা করেছে। দলের মন্ত্রী শশী পাঁজা আজ কলকাতায় বলেছেন, কেন্দ্রীয় মন্ত্রী রাজ্যের কোটি কোটি মানুষকে অপমান করেছেন। এটি রাজ্যের ওপর সরাসরি আক্রমণ এবং এ থেকেই স্পষ্ট, বিজেপি নিরাপত্তাহীনতায় ভুগছে।

বিহার বিধানসভা নির্বাচনের ফলাফলে NDA জোটের ব্যাপক সাফল্য প্রসঙ্গে রাজ্যের পুর ও নগররোন্নয়ন মন্ত্রী, কলকাতা মেয়র ফিরহাদ হাকিম বলেন, বিহারে এই ফলাফলে পশ্চিমবঙ্গে বিজেপির উচ্ছ্বসিত হওয়ার কোন কারণ নেই। কারণ তার প্রভাব বাংলায় পড়বে না।

অন্যদিকে, বিহারের ভোটের ফলাফলে কংগ্রেসের ব্যর্থতা প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, নির্বাচন কমিশনের স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তুলেছেন।

CPIM বলেছে, ভোটের শতকরা হার হিসেব করলে বিহারে বিজেপির তুলনায় তেজস্বী যাদবরা বেশী ভোট পেয়েছেন। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, ওই নির্বাচনে কত ভোট পড়েছে আর কত গোনা হয়েছে, সেই নিয়ে প্রশ্ন তুলেছেন। বিহারে ভাল ফলাফলে বিজেপি খুশী হলেও, তার সঙ্গে বাংলার কোনো সম্পর্ক নেই বলে তিনি মন্তব্য করেন।

( বাইট- সুজন )

\*\*\*\*\*

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা এস আই আর এর জন্যে রাজ্যে আজ বিকাল তিনটে পর্যন্ত ৯৬ দশমিক ৬/৬ শতাংশ অর্থাৎ ৭ লক্ষ ৪০ হাজার ৭৮ হাজারের বেশি এনিউমারেশন ফর্ম বিলি করা হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে এ কথা জানা গিয়েছে।

উল্লেখ্য রাজ্যে মোট ৭ লক্ষ ৬৬ হাজার ৩৭ হাজার ৫২৯ জন ভোটদাতার জন্যে ৮০ হাজার ৫৮১ জন বিএলও এবং এক লক্ষ ৪৯ হাজার ৩৮৮ জন বিএলএ নিয়োগ করা হয়েছে।

\*\*\*\*\*

মুর্শিদাবাদের কান্দির গোকর্ণে জমি নিয়ে দুপক্ষের বিবাদের জেরে আজ দুপুরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। সংঘর্ষ থামাতে গিয়ে আক্রান্ত হন কান্দি থানার পুলিশ কর্মীরা। ইট ও লাঠির আঘাতে আহত হন থানার আই সি মৃণাল সিনহা ও থানার আরো দুই পুলিশ কর্মী। পরে কান্দির মহকুমা পুলিশ আধিকারিকের নেতৃত্বে অতিরিক্ত বাহিনী গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

আহতদের কান্দি মহকুমা হাসপাতালে প্রাথমিক চিকিৎসা করা হয়।

\*\*\*\*\*

দিল্লি বিস্ফোরণের প্রেক্ষিতে রাজ্য সরকার, বিভিন্ন পর্যটন কেন্দ্র ও গুরুত্বপূর্ণ স্থানগুলির নিরাপত্তা আরও আটো সাঁট করার নির্দেশ দিয়েছে। রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার আজ দুপুরে ভবানী ভবন থেকে রাজ্যের সমস্ত জেলা পুলিশ সুপার, পুলিশ কমিশনার এবং শীর্ষ পদস্থ কর্তাদের সঙ্গে এক জরুরি ভারুয়াল বৈঠক করেন। সেখানে দীঘার জগন্নাথ মন্দির সহ রাজ্যের অন্যান্য জনপ্রিয় পর্যটন কেন্দ্র যেমন দার্জিলিং, কালিম্পং, সুন্দরবন, মন্দারমণি ও গঙ্গাসাগরের মত বিভিন্ন জায়গায় নিরাপত্তা বলয় আরও আঁটসাঁট করার নির্দেশ দেওয়া হয়েছে।

প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, একই সঙ্গে দিঘা-সহ সমুদ্র উপকূলবর্তী এলাকাগুলিতে নজরদারি বাড়ানো হবে। শুধু পর্যটন কেন্দ্রই নয়, স্টেডিয়াম, খেলার মাঠ, প্রেক্ষাগৃহ, বাজার সহ বিভিন্ন জনবহুল এলাকায় বিশেষ নজরদারি চালাতে বলা হয়েছে। সংবেদনশীল এলাকায় বাড়ানো হচ্ছে পেট্রোলিং। সীমান্তবর্তী জেলা ও থানাগুলিকে বাড়তি সতর্কতা বজায় রাখতে বলা হয়েছে। কোনও সন্দেহজনক গতিবিধি চোখে পড়লেই তা দ্রুত সদর দপ্তরে জানানোর বার্তাও দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, ফিলাটেলিস্ট বা ডাক টিকিট সংগ্রাহকদের জন্য তার মায়ের নামে 'পদ্মাবতী' পুরস্কার ঘোষণা করেছেন। কলকাতায় আজ ভারতীয় ডাক বিভাগের পশ্চিমবঙ্গ সার্কেলের উদ্যোগে 'বঙ্গপেক্স২০২৫'-এর উদ্বোধন করে রাজ্যপালের এডিসি এই কথা জানান।

ডাকটিকিট সংগ্রহের কাজে উল্লেখযোগ্য অবদানের জন্য তিনজন ফিলাটেলিস্টকে এই পুরস্কার দেওয়া হবে। পশ্চিমবঙ্গ সার্কেলের চীফ পোস্টমাস্টার জেনারেল ওই তিনজনকে নির্বাচিত করবেন। পুরস্কার বাবদ তাদের সার্টিফিকেট, ট্রফি এবং এক লক্ষ, ৫০ হাজার ও ২৫ হাজার টাকা করে নগদ দেওয়া হবে।

পরে রাজ্যপাল বলেন, আজকের দিনে ডিজিটাল যুগেও ডাকটিকিট যথেষ্ট প্রাসঙ্গিক। ডাকটিকিট মানুষের সঙ্গে মানুষের সংযোগ বৃদ্ধি করে, মানুষকে শিক্ষা প্রদান করে। তিনি বলেন, তার মা নিজে একজন ফিলাটেলিস্ট এবং ডাক বিভাগে কর্মরত ছিলেন। তাই ডাক বিভাগের সঙ্গে তার নিবিড় যোগাযোগ রয়েছে।

( বাইট - রাজ্যপাল )

\*\*\*\*\*

চলচ্চিত্র উৎসব শেষ হতে না হতেই বাংলা ছবির মুক্তি ঘিরে কলকাতায় আবার তৈরি হয়েছে জটিলতা। প্রকাশ্যে এসেছে ফেডারেশন ও ইম্পার সঙ্গে ছবি নির্মাতাদের বিরোধ।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- অভিজিৎ )

\*\*\*\*\*

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশের প্রথম প্রধানমন্ত্রী পন্ডিত জওহরলাল নেহেরুর ১৩৭-তম জন্মদিনটি শিশু দিবস হিসেবে উদযাপিত হচ্ছে। শিশুদের অধিকার, শিক্ষা ও কল্যাণ সম্পর্কে সচেতনতা প্রসারে এই দিনটি উদযাপনের অঙ্গ হিসেবে শিক্ষামূলক সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

ইডেনে ভারতের বিরুদ্ধে প্রথম ক্রিকেট টেস্টের আজ প্রথম দিনে দক্ষিণ আফ্রিকার প্রথম ইনিংস ১৫৯ রানে শেষ হয়েছে। দক্ষিণ আফ্রিকা টেসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয়। এইডেন মার্করাম ৩১, উইয়ান মুলডার, টনি ডি জোরজি দুজনেই ২৪ রান করেছেন।

ভারতের হয়ে জশপ্রীত বুমরাহ পাঁচ উইকেট নেন। এই নিয়ে টেস্ট ক্রিকেটে ১৬ বার পাঁচ উইকেট নিলেন বুমরাহ। মহম্মদ সিরাজ, কুলদীপ যাদব দুটি করে উইকেট নিয়েছেন। একটি উইকেট নিয়েছেন অক্ষর প্যাটেল।

\*\*\*\*\*